দৈনিক
ইত্তেফাক

তারিখ 11 MAY 2009
পৃষ্ঠা ... কলাম ...

# সহকারি শিক্ষকদের প্রথম শ্রেণীর মর্যাদার সুপারিশ

## সংসদীয় স্থায়ী কমিটির বৈঠকে স্কুল-কলেজ-মাদ্রাসার সমস্যা চিহ্নিত করতে উপ-কমিটি গঠন

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

মাধ্যমিক স্তরের সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের সহকারী শিক্ষকদের প্রথম শ্রেণীর কর্মকর্তার পদমর্যাদা দেয়ার সুপারিশ করেছে সংসদীয় স্থায়ী কমিটি। এছাড়া একজন এমপিকে চারটির বেশি শিক্ষা প্রতিষ্ঠানের সভাপতি না রাখার সিদ্ধান্তের বিষয়ে আগামী সাত দিনের মধ্যে পরিপত্র জারির কথা বলেছে কমিটি। গতকাল বৃহস্পতিবার শিক্ষা মন্ত্রণালয় সংক্রান্ত সংসদীয় কমিটির বৈঠক থেকে এসব সুপারিশ করা হয়েছে।

কমিটির বৈঠকে স্কুল কলেজ মাদ্রাসার এমপিওভুক্তিসহ বিভিন্ন সমস্যা ও অনিয়ম চিহ্নিত করতে কমিটির সদস্য শাহ আলমকে প্রধান করে তিন সদস্যের একটি উপ-কমিটি গঠন করা হয়েছে। আগামী এক মাসের মধ্যে তাদেরকে রিপোর্ট দিতে বলা হয়েছে। এই উপ-কমিটির অপর সদস্যরা হলেন কাজী ফারুক কাদের ও আবদুল ওহাব। বৈঠকে বলা হয়, দেশের অন্তত ৪ হাজার শিক্ষা প্রতিষ্ঠানকে অগ্রাধিকার ভিত্তিতে এমপিওভুক্তি করা প্রয়োজন। সেজন্য ২০০৯-২০১০ অর্থ বছরে অন্তত ৬শ' কোটি টাকার প্রয়োজন হবে।

কমিটির সভাপতি রাশেদ খান মেননের সভাপতিত্বে বৈঠকে কমিটির সদস্য শিক্ষা মন্ত্রী নূরুল ইসলাম নাহিদ, হুইপ মীর্জা আজম, বীরেন শিকদার, হুইপ শেখ আব্দুল ওহাব, মোঃ শাহ আলম, মোঃ জিয়াউর রহমান ও কাজী ফারুক কাদের উপস্থিত ছিলেন। বৈঠক শেষে কমিটির সভাপতি বলেন, সরকারি মাধ্যমিক স্কুলের শিক্ষকরা দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তা। এসকল শিক্ষকের মধ্যে যারা ৬ হাজার ৮শ' টাকার স্কেলে বেতন পান তাদেরকে প্রথম শ্রেণীর কর্মকর্তার পদমর্যাদা দেয়ার সুপারিশ করেছে কমিটি।

রাশেদ খান মেনন বলেন, সৃজনশীল শিক্ষা পদ্ধতি নিয়ে সম্প্রতি বিতর্ক দেখা দিয়েছে। আগামী ১২ মে এ পদ্ধতি নিয়ে বিস্তারিত আলোচনা করে সিদ্ধান্ত নেয়া হবে। তিনি বলেন, পাঠ্যপুস্তক নিয়ে বিদ্যমান সমস্যার সমাধানের জন্য শিক্ষা মন্ত্রণালয়কে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ারও পরামর্শ দেয়া হয়েছে। তিনি আরো বলেন, জোট আমল থেকে (২য় পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

### সহকারী শিক্ষকদের

(২য় পৃঃ ১-এর কঃ দ্রঃ)

শিক্ষাখাতে সবধরনের উন্নয়নমূলক কাজ আটকে ছিল। তাই শিক্ষা খাতকে আরও এগিয়ে নিতে আমরা অর্থমন্ত্রীর কাছে বাজেট বরাদ্দ বাড়াতে অনুরোধ করবো। অর্থ মন্ত্রীর সঙ্গে বাজেট নিয়ে আলোচনা হয়েছে বলে তিনি উল্লেখ করেন।

**বিরোধী দলের খবরও সমান গুরুত্ব দেয়ার প্রস্তাব**

বাংলাদেশ টেলিভিশন (বিটিভি) ও বেতারে বিরোধী দলের খবরও সমান গুরুত্ব দেয়ার প্রস্তাব করেছে তথ্য মন্ত্রণালয় সংক্রান্ত সংসদীয় স্থায়ী কমিটি। গতকাল বৃহস্পতিবার সংসদে অনুষ্ঠিত তথ্য মন্ত্রণালয়ের বৈঠক শেষে কমিটির সভাপতি ওবায়দুল কাদের বলেন, এটি রাজনৈতিক সরকার হওয়ায় রাজনৈতিক প্রভাব থাকবেই। কিন্তু তাই বলে রাজনৈতিক স্রোতে ভাসিয়ে দেয়ার কোন মানে হয় না।

স্বায়ত্তশাসন নিশ্চিত করতে বিটিভি থেকে দলবাজ কর্মকর্তাদের অপসারণের পরামর্শ দিয়েছে কমিটি। বৈঠকে তথ্যমন্ত্রী আবুল কালাম আজাদ, রেজা আলী, সুকুমার রঞ্জন ঘোষ, বি এম মোজাম্মেল হক, সারাহ বেগম কবরী, আমিনুল ইসলাম মন্ডল ও শাহরিয়ার আলম উপস্থিত ছিলেন।